# 2024

## BENGALI

## ( Honours Core )

Paper : BEN-HC-5016

( আধুনিক বাংলা সাহিত্য : প্রাক্-স্বাধীনতা পর্ব )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) "জলের তরে কেঁদে মরে/তৃষায় ফাটি ফাটি"—কবি এখানে কার কথা বলেছেন ?

(খ) "_____ নিগড় গড়ি পরিলি চরণে সাধে/ কী ফল লভিলি ?"

( শূন্যস্থান পূরণ করো )

(গ) "এই গাঁয়েতে একটি মেয়ে, চুলগুলি তার কালো কালো"—মেয়েটির নাম কী ?

(ঘ) একটি মোরগ হঠাৎ কোথায় আশ্রয় পেয়ে গেছিল ?

(ঙ) রামসদয় মিত্রের ছোট স্ত্রীর নাম কী ?

(চ) রজনী কথিত মনুমেন্টকে (মনে মনে) বিয়ে করার সময় রজনীর বয়স কত ছিল ?

(ছ) "আমি বল হব"—উক্তিটি কার ?

(জ) প্রাচীন এবং সংক্ষিপ্ত চণ্ডীর উপাখ্যান রচয়িতার নাম কী ?

(ঝ) বেগম রোকেয়ার মতে স্ত্রী-জাতির অবনতির প্রধান কারণ কী ?

(ঞ) অপবিজ্ঞান অনুযায়ী জোনাকির আলোয় কোন্ পদার্থ থাকে ?

২। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "একাকী আসিতে হলো—সাহসিকা অপ্সরার মতো।" পঙ্‌ক্তিটি কোন্ কবিতার ? এখানে 'সাহসিকা' বলতে কার কথা বলা হয়েছে ?

(খ) 'কাস্তে' কবিতার কবির নাম কী ? এ যুগের চাঁদকে কবি কীসের সঙ্গে তুলনা করেছেন ?

(গ) রজনীদের প্রতিবেশীর নাম কী ? তিনি কীসের ব্যবসা করতেন ?





(ঘ) রজনীর দ্বারা গীত গানটির উল্লেখ করো।

(ঙ) বেগম রোকেয়ার মতে ভিক্ষুকদের সংখ্যা বৃদ্ধির কারণ কী ?

৩। নীচের যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'চম্পা' কবিতার ভাববস্তু আলোচনা করো।

(খ) 'হায় চিল' কবিতার অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) 'রজনী' উপন্যাসের শচীন্দ্র চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) রজনীর (তার) গৃহ ছেড়ে পালিয়ে যাবার কারণ কী ? এতে তার জীবনে যে দুর্বিপাক ঘনিয়ে উঠেছিল তা সংক্ষেপে লেখো। ২+৩=৫

(ঙ) দীনেশচন্দ্র সেনের মতানুসারে প্রাচীন বঙ্গ সাহিত্যের বিশেষ কয়েকটি লক্ষ্মণের উল্লেখ করো।

(চ) 'আমাদের ভাষাসমস্যা' প্রবন্ধে বঙ্গীয় মুসলমান সাহিত্য গঠিত না হবার যে কারণ লেখক দর্শিয়েছেন তা আলোচনা করো।

৪। (ক) 'আত্মবিলাপ' কবিতার সারমর্ম তোমার নিজের ভাষায় লেখো। ১০

*অথবা*

(খ) 'কাস্তে' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।

৫। (ক) 'রজনী' উপন্যাস অবলম্বনে রজনী চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

*অথবা*

(খ) 'রজনী' উপন্যাসে সন্ন্যাসী ও হীরালাল চরিত্র দুটির উপযোগিতা কতখানি, আলোচনা করো।

৬। (ক) 'অপবিজ্ঞান' সম্পর্কে রাজশেখর বসুর অভিমত তোমার নিজের ভাষায় লেখো। ১০

*অথবা*

(খ) 'আমাদের ভাষাসমস্যা' প্রবন্ধ অনুসরণে বাংলা ভাষার সমস্যাগুলো বিশদ করো।

৭। (ক) 'রজনী' উপন্যাসে তৎকালীন সমাজ ও জীবনযাত্রার যে পরিচয় ফুটে উঠেছে তা আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'একটি মোরগের কাহিনী' কবিতায় সমাজের দরিদ্র শোষিত শ্রেণির মানুষের দুর্দশার যে নির্মম চিত্র ফুটে উঠেছে তা তোমার নিজের ভাষায় লেখো।

★★★